জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

# ফুয়েল পাস অ্যাপস্

(ফিলিং স্টেশন মালিক, ব্যবস্থাপক ও অপারেটরের জন্য)

## ব্যবহার নির্দেশিকা

জ্বালানি বিতরণ ব্যবস্থাপনা সিস্টেম

# ১: অ্যাপস্ পরিচিতি

Fuel Pass ফিলিং স্টেশন পরিচালনা নির্দেশিকা ফিলিং স্টেশন মালিক, ব্যবস্থাপক, সুপারভাইজার ও অপারেটরদের জন্য প্রস্তুত করা হয়েছে। এর উদ্দেশ্য হলো ভোক্তার QR স্ক্যান, কোটা যাচাই, জ্বালানি প্রদান, লেনদেন নথিভুক্তকরণ এবং অনিয়ম প্রতিরোধের জন্য একটি একীভূত পরিচালন পদ্ধতি নির্ধারণ করা।

- সুশৃঙ্খল ও স্বচ্ছ জ্বালানি বিতরণ নিশ্চিত করা;
- অতিরিক্ত মজুদ, পুনর্বিক্রয় ও কৃত্রিম সংকট কমানো;
- যানবাহনভিত্তিক কোটা ব্যবস্থাপনা নিশ্চিত করা;
- রিয়েল-টাইম তদারকি, রিপোর্টিং ও জবাবদিহি প্রতিষ্ঠা করা।


## ১.১ অ্যাপস্ ডাউনলোড

ব্যবহারকারী প্লে-স্টোর থেকে এই ডাউনলোড লিংক ব্যবহার করে ফুয়েল পাস অ্যাপস্ ডাউনলোড করতে পারবেন।




https://play.google.com/store/apps/details?id=com.emrd.fuelpass


## ১.২ অ্যাপস্-এ প্রবেশের নিয়ম (ফিলিং স্টেশন মালিক, ব্যবস্থাপক ও অপারেটর-এর রেজিস্ট্রেশন)




চিত্র-১


অ্যাপ্ ডাউনলোড করার পর ব্যবহারকারী চিত্রে প্রদর্শিত পেজটি দেখতে পারবেন। এরপর “আমি একজন ফিলিং স্টেশন মালিক/অপারেটর” বাটনে ক্লিক করলে রেজিস্ট্রেশন পেজে চলে যাবেন।

# ২ : অ্যাপস্-এ রেজিস্ট্রেশন




ব্যবহারকারী অ্যাকাউন্ট নিবন্ধন করার জন্য “এখানে নিবন্ধন করুন” বাটনে ক্লিক করুন

চিত্র-২





ব্যবহারকারী মালিক/অপারেটর ফিলিং স্টেশন-এর নিবন্ধন নম্বর এন্ট্রি করুন

“স্টেশন খুঁজুন” বাটনে ক্লিক করুন


চিত্র-৩

প্রদত্ত নিবন্ধন নম্বরটি যদি সঠিক হয়, তাহলে নিম্নের স্ক্রিনে ফিলিং স্টেশন-এর নাম ও ঠিকানাসহ তথ্য প্রদর্শিত হবে।





চিত্র-৪

যদি ফিলিং স্টেশন-এর নিবন্ধিত নম্বরের সাথে বক্সে এন্ট্রিকৃত মোবাইল নম্বর মিলে যায়, তাহলে মালিকানা নিশ্চিত করতে ঐ নম্বরে ওটিপি পাঠানো হবে।




চিত্র-৫


ওটিপি যাচাইকরণ সম্পন্ন হলে ফিলিং স্টেশন-এর মালিকের নিম্নোক্ত স্ক্রিনের মাধ্যমে পাসওয়ার্ড এন্ট্রি সম্পন্ন করতে হবে (চিত্র-৬)।




চিত্র-৬

## ৩ : অ্যাপস্-এ লগইন (ফিলিং স্টেশন-এর মালিক)

নিবন্ধন সম্পন্ন করার পর ফিলিং স্টেশন-এর মালিক স্বয়ংক্রিয়ভাবে লগইন স্ক্রিনে চলে যাবে। এখানে মোবাইল নম্বর ও পাসওয়ার্ড এন্ট্রি করে লগইন বাটনে ক্লিক করে অ্যাপস্-এ প্রবেশ করুন।





চিত্র-৭

# ৪ : অ্যাপস্-এ ফিলিং স্টেশন-এর মালিকের কার্যক্রম

ফিলিং স্টেশন-এর মালিক অ্যাপস্-এ লগইন করার পর চিত্রে হোমপেজ প্রদর্শিত হবে। এখানে সংশ্লিষ্ট জ্বালানি স্টেশন সম্পর্কিত তথ্যগুলো (যেমন: উক্ত দিনে তার স্টেশন থেকে মোট বিতরণকৃত জ্বালানি, উক্ত দিনে তার স্টেশনে মোট সেবা গ্রহীতা, উক্ত দিনে অবশিষ্ট জ্বালানির পরিমাণ, ইত্যাদি) দেখতে পারবেন।





ফিলিং স্টেশনের হিসাব (চিত্র-৮)





মজুত হালনাগাদ (চিত্র-৯)


মজুদ হালনাগাদ করার জন্য “হালনাগাদ” বাটনে ক্লিক করলে নতুন মজুদ এন্ট্রির স্ক্রিন প্রদর্শিত হবে (চিত্র-১০ এবং ১১)। যার মাধ্যমে মজুদ হালনাগাদ করা যাবে। ইতিহাস বাটনের মাধ্যমে নির্দিষ্ট আইটেমের পূর্ববর্তী লেনদেন দেখা যাবে।




চিত্র-১০




চিত্র-১১




চিত্র-১২





চিত্র-১৩

ড্যাশবোর্ডে “লেনদেন” ট্যাবে ক্লিক করলে বিস্তারিত লেনদেনের তথ্য প্রদর্শিত হবে (চিত্র-১৩)।

**অপারেটর যুক্তকরণ:** ড্যাশবোর্ডে "অপারেটর" ট্যাবে ক্লিক করলে (চিত্র-১4 ) ফিলিং স্টেশনের নিবন্ধিত অপারেটরদের তথ্য প্রদর্শিত হবে (চিত্র-১৫)।





চিত্র-১৪





চিত্র-১৫

নতুন অপারেটর যুক্ত করতে লাল চিহ্নিত ADD বাটনের মাধ্যমে অপারেটর এর তথ্য যুক্ত করা যাবে ((চিত্র-১৬) এবং অপারেটর যুক্ত করার জন্য অপারেটরের নাম, মোবাইল নম্বর এবং পাসওয়ার্ড এন্ট্রি করে সংরক্ষণ বাটনে ক্লিক করলে সংশ্লিষ্ট অপারেটর-এর তথ্য সংরক্ষিত হবে (চিত্র-১৭)। এই নতুন অপারেটর যুক্ত হওয়ার ফলে উক্ত ফিলিং স্টেশনের অপারেটর হিসাবে সে সেবা প্রদান করতে পারবে।





চিত্র-১৬




চিত্র-১৭


# ৩ : অ্যাপস্-এ লগইন (ফিলিং স্টেশন-এর অপারেটর)

ফিলিং স্টেশন-এ নিয়োজিত অপারেটর এর রেজিস্ট্রেশন ফিলিং স্টেশন-এর মালিক নিজেই তার আইডি হতে করে দিবেন। এই আইডি দিয়ে অপারেটর প্রথমবার লগইন করার সময় তার মোবাইলে প্রেরিত OTP ভেরিফিকেশনের মাধ্যমে অ্যাপস্-এ প্রবেশ করবেন। পরবর্তীতে OTP ছাড়াই মোবাইল নম্বর এবং পাসওয়ার্ডের মাধ্যমে লগইন করতে পারবেন। পাসওয়ার্ড ভুলে গেলে, তিনি 'পাসওয়ার্ড ভুলে গেছেন' বাটনে ক্লিক করে মোবাইলে OTP ভেরিফিকেশন করে পুনরায় পাসওয়ার্ড সেট করতে পারবেন।




ফিলিং স্টেশনের অপারেটর অ্যাপে লগইন করার জন্য "আমি জ্বালানি স্টেশনের মালিক/অপারেটর" বাটনে ক্লিক করবে

চিত্র-১৮





ফিলিং স্টেশন-এর অপারেটর তাঁর জন্য নিবন্ধিত সংশ্লিষ্ট মোবাইল নম্বরটি এন্ট্রি করুন

পাসওয়ার্ড এন্ট্রি করুন। প্রয়োজনে চিহ্নের উপর " " ক্লিক করে পাসওয়ার্ড নিশ্চিত করুন

সকল তথ্য দেওয়ার পর লগইন বাটনে ক্লিক করলে প্রথমবার লগইন এর ক্ষেত্রে অপারেটর-এর সংশ্লিষ্ট মোবাইল নম্বরে একটি ওটিপি চলে যাবে

চিত্র-১৯





অপারেটর-এর মোবাইলের মেসেজ অপশন হতে প্রাপ্ত ৬ সংখ্যার ওটিপি নম্বরটি এখানে এন্ট্রি করতে হবে

সংশ্লিষ্ট ওটিপি এন্ট্রি করার পর যাচাইকরণ বাটনে ক্লিক করলে অ্যাপস্-এ প্রবেশ করতে পারবে

চিত্র-২০

সফলভাবে ওটিপি ভেরিফিকেশন সম্পন্ন হওয়ার পর নিম্নে চিত্র-২১ এ প্রদর্শিত স্ক্রিনে (ড্যাসবোর্ড) দেখা যাবে। এখানে অপারেটর ফিলিং স্টেশনের হালনাগাদ মজুদের তথ্য একনজরে দেখতে পারবেন। এখানে, তার মূল কাজ হবে গ্রাহকের 'কিউআর কোড স্ক্যান' করার মাধ্যমে জ্বানানি তেল বিতরণ করা।




চিত্র-২১


লগইন করার পর অপারেটর ফিলিং স্টেশনের মজুদের অবস্থা ড্যাসবোর্ডের মাধ্যমে প্রদর্শিত হবে।

দিনের বিতরণকৃত জ্বালানি এবং সেবা গ্রহীতার তথ্য প্রদর্শিত হবে


"কিউআর কোড স্ক্যান" বাটনে ক্লিক করলে গ্রাহক/ভোক্তা/যানবাহন মালিকের কিউআর কোড স্ক্যানিং করার অপশন চালু হবে, যা চিত্র-২২ এর মাধ্যমে দেখানো হলো

সাম্প্রতিক লেনদেনর তথ্য এখানে প্রদর্শিত হবে


চিত্র-২২




চিত্র-২৩




চিত্র-২৪





অপারেটর চিত্র-২২ এর মত কিউআর কোড স্ক্যানিং করবে। স্ক্যান সফল হলে অর্থাৎ কিউআর কোড এ কোনো সমস্যা না থাকলে চিত্র-২৩ এর মত স্ক্রিন প্রদর্শিত হবে এবং সফল না হলে চিত্র-২৪ এর মত স্ক্রিন প্রদর্শিত হবে।


চিত্র-২৫




চিত্র-২৬





চিত্র-২৭





অপারেটর কিউআর কোড স্ক্যান করার পর ভোক্তা/গ্রাহকের চাহিদা (চিত্র-২৫) স্ক্রিনে "জ্বালানির পরিমাণ (লিটার)" ঘরে এন্ট্রি করবেন। গ্রাহক/ভোক্তার সুবিধা অনুযায়ী বিতরণকারী 'টাকায়' অপশন নির্বাচন করলে প্রদর্শিত বিভিন্ন টাকার পরিমাণ থেকে নির্বাচন করতে পারবেন অথবা নির্দিষ্ট অঙ্ক নিজে লিখে জ্বালানি সরবরাহ করতে পারবেন। একইভাবে, 'লিটারে' অপশন নির্বাচন করলে প্রদর্শিত বিভিন্ন জ্বালানির পরিমাণ থেকে নির্বাচন করা যাবে অথবা নির্দিষ্ট পরিমাণ লিখে জ্বালানি বিতরণ করা যাবে। 'টাকায়' অথবা 'লিটারে' অপশন চূড়ান্তভাবে নির্বাচন করার পর 'অনুমোদন দিন' বাটনে ক্লিক করতে হবে।

চিত্র-২৬ এ জ্বালানির পরিমাণ/অঙ্ক নির্বাচন সম্পন্ন হলে ‘বিতরণ নিশ্চিতকরণ’ স্ক্রিনে গ্রাহক/ভোক্তার জ্বালানি সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রদর্শিত হবে। এরপর ‘চেপে ধরুন’ বাটনে ক্লিক করলে জ্বালানি সরবরাহ নিশ্চিত হবে। পরবর্তীতে, লেনদেন সম্পন্ন হওয়ার পর চিত্র-২৭ এ অপারেটরকে লেনদেন সফল হয়েছে এই মর্মে নোটিফিকেশন প্রদর্শিত হবে এবং অপারেটর পরবর্তী গ্রাহকের কিউআর কোড স্ক্যান করার জন্য “আবার স্ক্যান করুন” বাটনে ক্লিক করবেন।

প্রোফাইল সংক্রান্ত তথ্য, থিম, কুইক ফিল অপশন ও ভাষা পরিবর্তনের এবং লগ আউট এর অপশন “প্রোফাইল” স্ক্রিনে দেখতে পারবেন (চিত্র-২৯)।




চিত্র-২৮




চিত্র-২৯

**ধন্যবাদ**